



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
এবং  
সচিব, তথ্য মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

## সূচিপত্র

সেকশন-১	:	রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলী
সেকশন-২	:	বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)
সেকশন-৩	:	কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ
সংযোজনী-১	:	শব্দসংক্ষেপ (Acronyms)
সংযোজনী-২	:	কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি
সংযোজনী-৩	:	কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প- ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মধ্যে ২০২০ সালের ...জুলাই... মাসের  
.....২৮..... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

## চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Department of Films and Publications- DFP)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ প্রতিরোধে জনগণকে সচেতন করতে ১৫টি টিভি ফিলার নির্মাণ, দেড়লক্ষ লিফলেট মুদ্রণ এবং পোস্টারের নকশা প্রণয়ন করে সারা দেশে প্রচারের ব্যবস্থা করা হয়।

সুষ্ঠুভাবে দাপ্তরিক কাজ পরিচালনার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২ আগস্ট, ২০১৫ খ্রি. ভিত্তিফলক উন্মোচন ও ১ নভেম্বর, ২০১৯ তথ্য ভবন উদ্বোধন করেন। ১৬ তলা এ ভবনে ডিএফপি'র কার্যক্রম চলছে।

চলচ্চিত্রের কারিগরি মানোন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হওয়ায় এ অধিদপ্তরের চলচ্চিত্র ডিজিটাল কারিগরি জগতে প্রবেশ করেছে। চলচ্চিত্র সম্পাদনায়ও আধুনিক ডিজিটাল এডিটিং প্যানেল স্থাপন করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর 'সচিত্র বঙ্গবন্ধু' অ্যালবাম পুস্তক, মাননীয় প্রধানমন্ত্রীর 'চ্যাম্পিয়ন অব দা আর্থ' পুরস্কার প্রাপ্তি, পরিবেশ সুরক্ষা বিষয়ক 'Bangladesh Towards Sustainable Development' ও 'টেকসই উন্নয়ন অভীষ্ট', মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ, 'The Historic 7<sup>th</sup> March of the Father of the Nation Bangagandhu Sheikh Mujibur Rahman', 'উন্নয়ন ও সাফল্যের ১০ বছর', তথ্য মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন, ৯ম জাতীয় সংসদে মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সম্বলিত ২টি ও সংসদে প্রশ্নোত্তর বিষয়ক ১১টি বিশেষ পুস্তক, Meet Bangladesh, বঙ্গবন্ধু সহজপাঠ, মহিয়সী নারী বেগম ফজিলাতুন্নেছা, শেখ হাসিনার বিশেষ উদ্যোগ, Sheikh Hasina Initiatives, বাংলাদেশের পাখি, বাংলাদেশের বন্যপ্রাণী, বাংলাদেশের পর্যটন আকর্ষণ: সিলেট বিভাগ; বাংলাদেশের পর্যটন আকর্ষণ: চট্টগ্রাম বিভাগ; বাংলাদেশের পর্যটন আকর্ষণ: খুলনা বিভাগ; বাংলাদেশের পর্যটন আকর্ষণ: বরিশাল বিভাগ, বাংলাদেশ পর্যটন আকর্ষণ: রাজশাহী বিভাগসহ দিবসভিত্তিক পোস্টার ও বিষয়ভিত্তিক ফোল্ডার প্রকাশ করা হয়।

অটিজম বিষয়ক চলচ্চিত্র 'পুত্র' ২০১৮ সালে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের শ্রেষ্ঠ চলচ্চিত্রসহ ২৮টির মধ্যে ১১টি ক্যাটাগরিতে শ্রেষ্ঠ হয়। 'হৃদয়ে একুশ' Moscow Film Festival Award, Canada Film Festival Award অর্জন করে। 'একাত্তরের গণহত্যা ও বধ্যভূমি', সাংবাদিকতার পথিকৃত 'কাঙাল হরিণাথ'ও জাতীয় চলচ্চিত্র পুরস্কার অর্জন করে।

## সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

এ অধিদপ্তরের অন্যতম প্রধান সমস্যা হচ্ছে জনবল ও ডিজিটাল প্রযুক্তিনির্ভর দক্ষ জনশক্তি। তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের জন্য নিজস্ব আইসিটি সেল না থাকায় ডিজিটাইজেশনের গতি কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নীত করা সম্ভব হচ্ছে না।

## ভবিষ্যৎ পরিকল্পনা:

- জনবল বৃদ্ধি ও যন্ত্রপাতিসহ আইসিটি সেল গঠন;
- অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো যুগোপযোগীকরণ;
- প্রস্তাবিত নিয়োগবিধি চূড়ান্তকরণ;
- শূন্যপদ পূরণ;
- বিদ্যমান জনবলকে ডিজিটাল প্রযুক্তিতে দক্ষ করে গড়ে তোলা;
- তথ্য প্রযুক্তির কার্যকর ব্যবহারের মাধ্যমে অংশীজনের সেবাপ্রাপ্তি সহজ করা;
- অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনতে প্রয়োজনীয় আইন সংস্কার ও যুগোপযোগীকরণ।

## ২০২০-২০২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৫টি ডকুড্রামা, ১৫টি ফিলার, ২৪টি সংবাদচিত্র, ১০টি বিশেষ সংবাদচিত্রসহ মোট ৬৮টি চলচ্চিত্র নির্মাণ করা;
- যথাযথভাবে সংরক্ষণের জন্য ৬৮টি চলচ্চিত্র বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তর করা ;
- সেন্সরশিপ কার্যক্রমের আওতায় ৩৪টি তথ্যচিত্র ও প্রামাণ্য চলচ্চিত্র প্রিভিউ করা ;
- নিয়মিত প্রকাশনার আওতায় ১ লক্ষ ২০ হাজার কপি সচিত্র বাংলাদেশ, ১ লক্ষ ৩৫ হাজার কপি নবাবুণ, ১২ হাজার কপি বাংলাদেশ কোয়ার্টারলি প্রকাশ ও বিতরণ করা;
- অ্যাডহক প্রকাশনার আওতায় ১৫ হাজার কপি পুস্তক, ২৫ লক্ষ কপি পোস্টার মুদ্রণ ও বিতরণ করা। এছাড়াও মুজিববর্ষ উপলক্ষ্যে ২০ হাজার কপি পুস্তক মুদ্রণ ও বিতরণ;
- বিজ্ঞাপন ও নিরীক্ষা শাখার মাধ্যমে ৫০০টি পত্রিকার নিরীক্ষা সম্পাদন করা;
- বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসে ১ হাজার ৩০০টি ক্রোড়পত্র প্রকাশ করা;

## সেকশন-১

### ১.১ রূপকল্প (Vision):

দেশের ইতিহাস ও ঐতিহ্যের লালন এবং সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের প্রতিফলন।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

জনসচেতনতামূলক প্রামাণ্য চলচ্চিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র, ফিচারফিল্ম নির্মাণ, পুস্তক-পুস্তিকা, অ্যালবাম এবং পোস্টার মুদ্রণ ইত্যাদির মাধ্যমে উন্নয়নের চ্যালেঞ্জ মোকাবিলায় সচেতন ও দক্ষ জনগোষ্ঠী গড়ে তোলা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

সচিত্র বাংলাদেশ, নবাবুণ, বাংলাদেশ কোয়ার্টারলি, বিশেষ বা অ্যাডহক প্রকাশনার আওতায় বিষয়ভিত্তিক পুস্তক-পুস্তিকা, পোস্টার, লিফলেট, ফোল্ডার ইত্যাদি মুদ্রণ ও ডিজিটাল প্রদর্শনী এবং প্রামাণ্য চলচ্চিত্র, ডকুড্রামা, ফিলার, সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র নির্মাণ। একইসাথে সংবাদপত্র নিরীক্ষা, সংবাদপত্র পরিদর্শন, পত্রিকার নামের ছাড়পত্র প্রদান এবং বিজ্ঞাপন ও ক্রোড়পত্র প্রকাশ করা।

### ১.৪ কার্যাবলি (Functions):

- এসডিজি অর্জন এবং মধ্যআয়ের দেশ থেকে উন্নত দেশে উত্তরণের নিয়ামকভিত্তিক প্রামাণ্য চলচ্চিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র, ফিলার, টিভিসি নির্মাণ এবং প্রকাশনা সামগ্রী প্রস্তুত করা;
- দেশের গৌরবময় ইতিহাস-ঐতিহ্য, শিল্প-সাহিত্য-সংস্কৃতির চিত্র ভবিষ্যৎ প্রজন্মের কাছে পৌঁছে দিতে বিষয়ভিত্তিক চলচ্চিত্র নির্মাণ ও পুস্তক প্রকাশ এবং সরকারের অনুসৃত নীতি ও উন্নয়ন কার্যক্রমে জনগণকে সম্পৃক্ত করার উপকরণ উৎপাদন করা;
- একটি সৃজনশীল প্রতিষ্ঠান হিসেবে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনাকে সমুন্নত রেখে ‘দিনবদলের সনদ: রূপকল্প-২০২’ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনসচেতনতামূলক প্রামাণ্য চলচ্চিত্র, ডকুড্রামা, সংবাদচিত্র এবং ফিচার ফিল্ম নির্মাণ করা;
- নিয়মিত প্রকাশনা হিসেবে সচিত্র বাংলাদেশ, নবাবুণ ও বাংলাদেশ কোয়ার্টারলি প্রকাশ করা;
- অ্যাডহক প্রকাশনা হিসেবে উন্নয়নমূলক ও সরকারের কর্মসূচিভিত্তিক প্রকাশনা, বুকলেট, পোস্টার, লিফলেট, ফোল্ডার, স্টিকার ইত্যাদি প্রচারসামগ্রী প্রকাশ করা;
- দেশে প্রকাশিত সকল ধরনের বই, সংবাদ, সাময়িকীর নিবন্ধন ও তালিকা প্রণয়ন করা;
- সারাদেশ থেকে প্রকাশিত সকল দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক পত্রিকার নামের ছাড়পত্র প্রদানসহ নিবন্ধন করা;
- পত্রিকার মিডিয়া তালিকাভুক্ত করা;
- পত্রিকার প্রচারসংখ্যা বা সার্কুলেশন নির্ধারণ করা;
- নিউজপ্লিন্ট কোটা নির্ধারণসহ বন্টনের সুপারিশ করা;
- পত্র-পত্রিকা নিরীক্ষা ও পরিদর্শন করা;
- ওয়েববোর্ড রোয়েদাদ বাস্তবায়ন পরিবীক্ষণ করা;
- সরকারি বিজ্ঞাপনের হার নির্ধারণ, বিজ্ঞাপন বন্টন ও বিজ্ঞাপনের মূল্য পরিশোধ করা;
- জাতীয় ও বিশেষ দিবসসমূহে পত্র-পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশের ব্যবস্থা করা।

## সেকশন-২

### চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/ Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২০-২০২১	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার নাম	উপাস্তসূত্র (Source of Data)
			২০১৮-২০১৯	২০১৯-২০২০*		২০২১- ২০২২	২০২২- ২০২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
চলচ্চিত্র নির্মাণ ও প্রকাশনার মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	১। চলচ্চিত্র নির্মাণ	সংখ্যা	৫০	৬০	৬৮	৭৫	৭৫	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর	চলচ্চিত্র শাখা
	২। নিয়মিত প্রকাশনা:	লক্ষ	১.০	১.২০	১.২০	১.২০	১.২০		প্রকাশনা শাখা
	ক) সচিত্র বাংলাদেশ								
	খ) নবাবুণ	লক্ষ	১.২০	১.৩৫	১.৩৫	১.৩৮	১.৪৪		
	গ) বাংলাদেশ কোয়ার্টারলি	হাজার	১২	১২	১২	১২	১২		
	৩। অ্যাডহক প্রকাশনা:	হাজার	১২	২৫	১৫	১৫	১৫		
	ক) পুস্তক								
	খ) মুজিববর্ষ সংখ্যা	হাজার	-	২.৫	২০	-	-		
গ) পোস্টার	লক্ষ	১৫.৫০	২৫	২৫	২৫	২৫			
প্রিন্ট মিডিয়া সংক্রান্ত কার্যক্রম	৪। সংবাদপত্র নিরীক্ষা	সংখ্যা	৪৬০	৪৮০	৫০০	৫০০	৫০০		বিজ্ঞাপন ও নিরীক্ষা শাখা
	৫। ক্রোড়পত্র	সংখ্যা	১৩০০	১৩০০	১৩০০	১৩০০	১৩০০		
	৬। সংবাদপত্র পরিদর্শন	সংখ্যা	১৫০	২০০	২০০	২০০	২০০		



## সেকশন-৩

### কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria value for FY 2020-2021)					প্রক্ষেপণ Projection ২০২১- ২০২২	প্রক্ষেপণ Projection ২০২২- ২০২৩
						ভিত্তিবছর (Base year) ২০১৮- ২০১৯	অর্জন (Achievement) ২০১৯- ২০২০*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
প্রকাশনার মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	২৫	১. নিয়মিত প্রকাশনা	ক) সচিত্র বাংলাদেশ	লক্ষ	৫.০০	১.০০	১.২০	১.২০	১.১৫	১.১০	১.০৫	০.০০	১.২০	১.২০
			খ) নবাবুগ	লক্ষ	৫.০০	১.২০	১.৩৫	১.৩৫	১.৩০	১.২৫	১.২০	০.০০	১.৩৮	১.৪৪
			গ) বাংলাদেশ কোয়ার্টারলি	হাজার	২.০০	১২	১২	১২	১১	১০	৮	৭	১২	১২
		২. অ্যাডহক প্রকাশনা	ক) পুস্তক	হাজার	৩.০০	১২	২৫	১৫	১২	১০	৮	৬	১৫	১৫
			খ) পোস্টার	লক্ষ	৫.০০	১৫.৫০	১৫.৫০	২৫.০০	২২	২০	১৮	১৬	২০.০০	২০.০০
			গ) মুজিব বর্ষ সংখ্যা	হাজার	৫.০০	-	২.৫০	২০	১৮	১৬	১৫	১৪	-	-
প্রিন্ট মিডিয়া সংক্রান্ত কার্যক্রম	১৫	৩. ফ্রোডপত্র প্রকাশ, সংবাদপত্র নিরীক্ষা ও পরিদর্শন	ক) ফ্রোডপত্র	সংখ্যা	৫.০০	১৩০০	১৩০০	১৩০০	১২০০	১১০০	১০০০	৯০০	১৩০০	১৩০০
			খ) সংবাদপত্র নিরীক্ষা	সংখ্যা	৫.০০	৪৬০	৪৮০	৫০০	৪৮০	৪৬০	৪৪০	৪২০	৫০০	৫০০
			গ) সংবাদপত্র পরিদর্শন	সংখ্যা	৫.০০	১৫০	২০০	২০০	১৮০	১৬০	১৪০	১২০	২০০	২০০

কৌশলগত উদ্দেশ্য (Strategic objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২০২১ (Target/Criteria value for FY 2020-2021)					প্রক্ষেপণ Projection ২০২১- ২০২২	প্রক্ষেপণ Projection ২০২২- ২০২৩
						ভিত্তিবছর (Base year) ২০১৮- ২০১৯	অর্জন (Achievement) ২০১৯- ২০২০*	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
চলচ্চিত্রের মাধ্যমে ইতিবাচক জনসচেতনতা সৃষ্টি	৩৫	৪. চলচ্চিত্র নির্মাণ	ক) প্রামাণ্যচিত্র	সংখ্যা	১২.০০	১০	১২	১৪	১২	১০	৮	৭	১৫	১৫
			খ) ডকুডামা	সংখ্যা	৪.০০	৩	৪	৫	৪	৩	৩	০	৫	৫
			গ) ফিলার	সংখ্যা	৫.০০	১৫	১০	১৫	১২	১০	৮	৬	১৫	১৫
			ঘ) সংবাদচিত্র	সংখ্যা	৫.০০	১৪	২৪	২৪	২২	১৯	১৭	১৪	২৪	২৪
			ঙ) বিশেষ সংবাদচিত্র	সংখ্যা	৫.০০	৮	১০	১০	৯	৮	৭	৬	১২	১২
প্রামাণ্যচিত্র, ডকুডামা, ফিলার, সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র নির্মাণ, সংগ্রহ ও সংরক্ষণ	৫. সংগ্রহ ও সংরক্ষণ	সংরক্ষণের জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত	সংখ্যা	২.০০	৬০	৬০	৬৮	৬০	৫৫	৫০	৪৫	৬৮	৬৮	
সিনেমাটোগ্রাফ এ্যাক্ট ও সেন্সরশিপ বিষয়ক কার্যক্রম সম্পাদন	৬. সেন্সরশিপ কার্যক্রম	তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র প্রিভিউ সম্পাদন	সংখ্যা	২.০০	৬০	৬০	৩৪	৩০	২৫	২২	২০	৩৫	৩৫	

## চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০২০-২০২১

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রা ২০২০-২০২১				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%						
[১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ	১০	[১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন	[১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	সংখ্যা	১	৪	-	-	-	-
			[১.১.২] এপিএ টিমের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত	সংখ্যা	২	১২	১১	-	-	-
		[১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়	[১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ	[১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ	[১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত	সংখ্যা	২	৪	৩	২	-	-
		[১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	[১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত	সংখ্যা	২	৪	৩	-	-	-

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪		কলাম-৫ কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬				
			কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)		লক্ষ্যমাত্রা ২০২০-২০২১				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
১০০%	৯০%	৮০%	৭০%	৬০%						
[২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি	৯	[২.১] ই-নথি বাস্তবায়ন	[২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত	%	২	৮০	৭০	৬০	-	-
		[২.২] ডিজিটাল সেবা চালুকরণ	[২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত	সংখ্যা	২	১৫-২-২১	১৫-৩-২১	১৫-৪-২১	১৫-৫-২১	
		[২.৩] সেবা সহজিকরণ	[২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত	সংখ্যা	১	২৫-২-২১	২৫-৩-২১	২৫-৪-২১	২৫-৫-২১	
		[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান	[২.৪.১] প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত	জনঘণ্টা	২	৫০	৪০	৩০	২০	-
			[২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ	জনঘণ্টা	১	৫	৪	-	-	-
		[২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান	[২.৫.১] ন্যূনতম একটি আওতাধীন দপ্তর/সংস্থা/একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানকৃত	সংখ্যা	১	১	-	-	-	-
[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন	৬	[৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন	[৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন	[৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত	%	২	১০০	৯০	৮০	-	-
			[৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত	%	১	১০০	৯০	৮০	-	-
		[৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	[৩.৩.১] দ্বিপক্ষীয় এবং ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি	%	১	৮০	৭০	৬০	৫০	-
			[৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪০	৩০	২৫	-

আমি, মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য মন্ত্রণালয়ের সচিবের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তির ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

মহাপরিচালক

চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

স. ম. গোলাম কিবরিয়া  
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)  
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয় ঢাকা

২৪ জুলাই ২০২০

তারিখ

সচিব

তথ্য মন্ত্রণালয়

কামরুন নাহার  
সচিব  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৬/০৭/২০২০

তারিখ

## সংযোজনী: ১

### শব্দ সংক্ষেপ (Acronyms)

ডিএফপি (DFP)	চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (Department of Films and Publications)
এসডিজি (SDG)	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals)

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকের পদ্ধতি

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কার্যক্রমের বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমানক	প্রমানকের উপাত্ত সূত্র
	১	২	৩	৪	৫	৬
১	জনসচেতনতা সৃষ্টি	নিয়মিত প্রকাশনা: সচিত্র বাংলাদেশ	সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের ভিত্তিতে সচিত্র বাংলাদেশ পত্রিকা প্রকাশিত হয়।	প্রকাশনা শাখা	নিয়মিত প্রকাশনা ও অ্যাডহক প্রকাশনা সমূহের কার্যাদেশ ও প্রকাশনা কপি।	
		মাসিক নবাবুণ	নবাবুণ পত্রিকা শিশু-কিশোরদের উপযোগী একটি ম্যাগাজিন।			
		বাংলাদেশ কোয়ার্টারলি	বাংলাদেশ কোয়ার্টারলি পত্রিকায় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি ইংরেজিতে প্রকাশ করা হয়।			
		অ্যাডহক প্রকাশনা: ক) পুস্তক	এ অধিদপ্তর থেকে অ্যাডহক প্রকাশনার অধীনে প্রকাশিত পুস্তক এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে প্রকাশিত পুস্তকসমূহ।			
		খ) পোস্টার	বিভিন্ন জাতীয় দিবস ও বিশেষ দিবসে পোস্টার প্রকাশ করা হয়।			
২	প্রিন্ট মিডিয়া সংক্রান্ত কার্যক্রম	ক্রোড়পত্র	জাতীয় ও বিশেষ দিবসে (যেমন- স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও জাতীয় শোক দিবস) পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয়।	বিজ্ঞাপন শাখা	প্রকাশিত ক্রোড়পত্রের অফিস আদেশ। উপাত্ত সূত্র: মাসিক/বার্ষিক প্রতিবেদন।	
		সংবাদপত্র নিরীক্ষা	পত্রিকার প্রচার সংখ্যা নির্ধারণের জন্য নিয়মিত সংবাদপত্র নিরীক্ষা করা হয়ে থাকে।	নিরীক্ষা শাখা	নিরীক্ষাকৃত এবং পরিদর্শনকৃত সংবাদপত্রের সংখ্যা দ্বারা পরিমাপ করা হয়। প্রমানক হিসেবে অফিস আদেশ প্রদান করা হয়।	
		সংবাদপত্র পরিদর্শন	পত্র-পত্রিকা মিডিয়া তালিকাভুক্তি এবং প্রচার সংখ্যা হ্রাস-বৃদ্ধি নির্ধারণের জন্য পত্রিকা অফিস পরিদর্শন করা হয়। এছাড়া ওয়েবোর্ড মনিটরিং টিম সাংবাদিক ও পত্র-পত্রিকার কর্মচারীদের কল্যাণে নির্ধারিত ক্ষেত্রে নিয়মিত বেতন-ভাতা প্রাপ্তি ও অন্যান্য সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য পত্রিকা অফিস পরিদর্শন করে থাকে।			
					উপাত্ত সূত্র : বার্ষিক প্রতিবেদন।	

ক্রমিক নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	কার্যক্রমের বিবরণ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	প্রদত্ত প্রমাণক	প্রমাণকের উপাত্ত সূত্র
	১	২	৩	৪	৫	৬
৩	চলচ্চিত্র সম্পর্কিত কার্যক্রম	চলচ্চিত্র নির্মাণ: ক) প্রামাণ্যচিত্র খ) ডকুডামা গ) ফিলার ঘ) সংবাদচিত্র ঘ) বিশেষ সংবাদচিত্র ঙ) টিভিসি	করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG), সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, অগ্রাধিকার কর্মসূচি, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রান্ডিং), সরকারের উন্নয়ন কর্মসূচি, শিশু বাজেট, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার দারিদ্র্য বিমোচন, পরিবেশ সংরক্ষণ ইত্যাদির ওপর চলচ্চিত্র, তথ্যচিত্র, ফিলার, ডকুডামা, সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র, টিভিসি নির্মাণ ও প্রচার।	চলচ্চিত্র শাখা	নির্মিত প্রামাণ্যচিত্র, ডকুডামা, ফিলার ও সংবাদচিত্র, বিশেষ সংবাদচিত্র ও টিভিসির কপি (ডিভিডি/সিডি) এবং অফিস আদেশ।  উপাত্ত সূত্র : বার্ষিক প্রতিবেদন।	
৪	চলচ্চিত্র সামগ্রী সংগ্রহ ও সংরক্ষণ	সংরক্ষণের জন্যে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে হস্তান্তরিত।	ঐতিহাসিক-তথ্যবহুল চলচ্চিত্র, সংবাদপত্র, সংবাদচিত্র, তথ্যচিত্র প্রামাণ্যচিত্র ও চলচ্চিত্র সামগ্রী নির্মাণ, সংগ্রহ ও সংরক্ষণ।			
৫	সিনেমাটোগ্রাফ এ্যাক্ট ও সেন্সরশীপ বিষয়ক কার্যক্রম সম্পাদন	তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, ফিলার, ডকুডামা, টিভিসি প্রিভিউ সম্পাদন।	তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, ফিলার, ডকুডামা. টিভিসি প্রিভিউ সম্পাদন করা হয়।			



## সংযোজনী- ৩

### অন্য বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ:

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
গণযোগাযোগ অধিদপ্তর	প্রকাশনা, পুস্তক, পোস্টার বিতরণ ও চলচ্চিত্র প্রদর্শন	সচিত্র বাংলাদেশ, নবাবুণ, পুস্তক, পোস্টার ও নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুডামা /ফিলার/ টিভিসি ইত্যাদি মাঠ পর্যায়ে বিতরণ ও প্রদর্শন	এ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত সচিত্র বাংলাদেশ, নবাবুণ, পুস্তক, পোস্টার এবং নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুডামা/ফিলার/ টিভিসি ইত্যাদি গণযোগাযোগ অধিদপ্তর ৬৮টি তথ্য অফিসের মাধ্যমে মাঠ পর্যায়ে বিতরণ ও প্রদর্শনের ব্যবস্থা করবে।	গণযোগাযোগ অধিদপ্তরের মাঠ পর্যায়ে প্রচারণার উপযুক্ত অফিস রয়েছে।	তথ্য কাঙ্ক্ষিত পর্যায়ে জনগণের নিকট পৌঁছাবে না।  দক্ষ ও সচেতন জনগোষ্ঠীর অভাব সৃষ্টি হবে।
বাংলাদেশ টেলিভিশন	প্রামাণ্যচিত্র/ডকুডামা/ ফিলার/ টিভিসি প্রচার	প্রামাণ্যচিত্র/ডকুডামা/ফিলার/ টিভিসি প্রচার	এ অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্র/ডকুডামা/ টিভিসি/ ফিলার প্রচারের ব্যবস্থা নিবে।	বাংলাদেশ টেলিভিশনের সম্প্রচার কার্যক্রম বাস্তবায়নের জন্য উপযুক্ত অফিস রয়েছে।	
বেসরকারি টিভি চ্যানেল	প্রামাণ্যচিত্র/ডকুডামা/ ফিলার/ টিভিসি প্রচার	প্রামাণ্যচিত্র/ডকুডামা/ফিলার/ টিভিসি প্রচার	এ অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুডামা/ টিভি/ টিভিসি ফিলার প্রচারের ব্যবস্থা নিবে।	বেসরকারি টিভি চ্যানেলের সম্প্রচার কার্যক্রম বাস্তবায়নের জন্য উপযুক্ত অফিস রয়েছে।	
বহিঃপ্রচার অনুবিভাগ	বাংলাদেশ কোয়ার্টারলি, পোস্টার ও প্রামাণ্যচিত্র/ ডকুডামা/ টিভিসি বিদেশে প্রচার	বাংলাদেশ কোয়ার্টারলি, পোস্টার ও প্রামাণ্যচিত্র/ ডকুডামা/ টিভিসি বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে প্রচার	এ অধিদপ্তর কর্তৃক প্রকাশিত বাংলাদেশ কোয়ার্টারলি, পোস্টার এবং নির্মিত প্রামাণ্যচিত্র/ ডকুডামা/টিভিসি বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।	দেশের গৌরবময় ইতিহাস- ঐতিহ্য, শিল্প-সাহিত্য-সংস্কৃতির চিত্র এবং সরকারের অনুসৃত নীতি ও উন্নয়ন কার্যক্রম বহির্বিশ্বে তুলে ধরা।	